

তারিখ: ১১/০৭/২০২১ (পৃ: ০৬)

বরগুনায় বিআর-২৩ ধানবীজ সংকট ৩৬০ টাকার ধান ৪৫০ টাকায় বিক্রি

নিজস্ব বার্তা পরিবেশক, বরগুনা

আমতলীতে চলতি বর্ষা মৌসুমে বিআর-২৩ ধান বীজের উঁত্র সঙ্কট দেখা দিয়েছে। অসাধু ব্যবসায়ীরা কারসাজি করে বীজ মজুদ রেখে বেশি মূল্যে ধান বিক্রি করছেন বলে কৃষকদের অভিযোগ। বৃহস্পতিবার অস্ত্রত কয়েক শতাধিক কৃষক উপজেলার শহরের ডিলারদের কাছে ধর্না দিয়েও বীজ ধান না পেয়ে খালি হাতে বাড়ি ফিরে গেছেন।

আমতলী উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, আমতলীতে এ বছর আমন

চাষাবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২৩ হাজার ৫০০ হেক্টর জমি। এরমধ্যে বিআর-২৩ ধানের লক্ষ্যমাত্রা ৪ হাজার ৩শ' ৪০ হেক্টর।

উপজেলায় আমন আবাদে জন্য বীজ ধান প্রয়োজন ৫শ' ৮০ মেট্রিক টন। উপজেলার মোট জমির অর্ধেক বীজ কৃষকরা মজুদ রেখে থাকেন। অবশিষ্ট অর্ধেক জমির জন্য দুই'শ ৯০ মেট্রিক টন বীজের চাহিদা রয়েছে। এরমধ্যে বিআর-২৩ ধানের বীজের চাহিদা ১'শ ৩০ মেট্রিক টন। আমতলী কৃষি অফিস দুই'শ ৯০ মেট্রিক টন আমন ধানের বীজ বরাদ্দ চেয়ে পটুয়াখালী

বিএডিসি কর্তৃপক্ষকে চাহিদা পাঠিয়েছে। কিন্তু বিএডিসি কর্তৃপক্ষ ৪০ মেট্রিক টন বিআর-২৩ বীজ ধান সরবরাহ করেছে। যা প্রয়োজনের তুলনায় নগণ্য। এতে বীজ সংকটে পরেছে উপজেলার কৃষকরা। উপজেলার ডিলার ও বীজের দোকানে বিআর-২৩ ধানের বীজ পাওয়া যাচ্ছে না। বীজ না পেয়ে দিশেহারা হয়ে পরেছে কৃষকরা। আষাঢ় মাসের শেষ এবং শ্রাবণের শুরুতে আমনের বীজতলার জন্য বীজের চাহিদা রয়েছে। শেষ মুহূর্তে বিআর-২৩ ধানের বীজের জন্য হনা হয়ে ঘুরছে কৃষকরা।